# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 19-01-2025 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ–

১) RG Kar মেডিকেল কলেজ হাসপাতালে তরুণী চিকিৎসক ধর্ষণ ও খুনের ঘটনায় ধৃত সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায়কে দোষী সাব্যস্ত করেছে শিয়ালদা আদালত।

# সাজা ঘোষণা আগামীকাল।

২) উত্তর পূর্বাঞ্চলের সঙ্গে দেশের বাকি অংশের যোগসূত্র এবং নিরাপত্তা বাড়াতে রাজ্য সরকার 'চিকেন্‌স নেক করিডোর'-এ অনুমোদন দিয়েছে।

৩/ রাজ্য বাজেটে, বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পে কেন্দ্র ও রাজ্যের বরাদ্দের পরিমাণ আলাদা করে উল্লেখ করা হবেনা। অংশীদারিত্ব নিয়ে পদ্ধতিগত জটিলতা কাটাতে চালু হচ্ছে নতুন ব্যবস্থাপনা।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৫/ রাজ্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন শুরু হচ্ছে আগামী ২২'শে জানুয়ারী।

৬/ ISL ফুটবলে গোয়ার ফতোরদা স্টেডিয়ামে ইস্টবেঙ্গল আজ এফ সি গোয়ার বিরুদ্ধে খেলবে।

*************************************************************

RG KAR মেডিকেল কলেজ হাসপাতালে তরুণী PGT চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় ধৃত সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায়কে দোষী সাব্যস্ত করেছে শিয়ালদা আদালত। শুনানিতে গতকাল বিচারক অনির্বাণ দাস জানান, CBI যে তথ্য প্রমাণ দিয়েছে, তাতে সঞ্জয়ের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত। ভারতীয় ন্যায় সংহিতার ৬৪, ৬৬, ১০৩(১) ধারায় চার্জগঠন করা হয়েছে।

আগামীকাল ২০ তারিখ এই মামলার সাজা ঘোষণা হবে বলে আইনজীবীরা জানিয়েছেন। সঞ্জয় অবশ্য আদালতে আবার দাবি করে, তাকে ফাঁসানো হয়েছে।

উল্লেখ্য, গত বছর ৮ ও ৯-ই আগস্টের মধ্যরাতে RG KAR হাসপাতালে ওই চিকিৎসককে ধর্ষণ করে হত্যা করা হয়। ৯-ই আগস্ট সকালে সেমিনার হল থেকেই উদ্ধার হয় ওই চিকিৎসকের দেহ। তদন্তে নেমে পরদিনই কলকাতা পুলিশ সঞ্জয় রায় নামে ঐ সিভিক ভলান্টিয়ারকে গ্রেপ্তার করে। এরপর কলকাতা হাইকোর্ট ১৩-ই আগস্ট CBI-কে এই মামলার তদন্তভার দেয়। ১৮-ই আগস্ট স্বতঃপ্রণোদিত হয়ে মামলা শোনার কথা জানায় সুপ্রিম কোর্ট।

********************

বিচারকের নির্দেশ সম্পর্কে নির্যাতিতার পরিবারের আইনজীবী অমর্ত্য দে বলেন –

(বাইট- অমর্ত্য)

R G KAR মামলায় কোন বিচার পাওয়া যায়নি বলে ‘ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফ্রন্ট’ জানিয়েছে। সুবিচারের দাবিতে গতকাল ফের পথে নামেন তাঁরা। শিয়ালদা আদালতের বাইরেও জমায়েত করে বিক্ষোভ দেখান চিকিৎসক ও নার্সরা।

এদিকে, একা সঞ্জয় রায়কে দোষী সাব্যস্ত করে, বৃহত্তর ষড়যন্ত্রে ধামাচাপা দেওয়া হচ্ছে বলে ‘সার্ভিস ডক্টর্স ফোরামে’র সদস্য, চিকিৎসক বিপ্লব চন্দ্র মন্তব্য করেছেন।

( বাইট- বিপ্লব চন্দ্র)

তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ বলেছেন, আদালতের এই রায় থেকে স্পষ্ট কলকাতা পুলিশের তদন্ত সঠিক পথেই এগোচ্ছিল।

(বাইট- কুণাল)

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আদালতের রায়কে স্বাগত জানিয়ে বলেছেন-

(বাইট- শুভেন্দু)

R G KAR মামলায় রায় হলেও 'বিচার' হয়নি বলে CPIM রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম মন্তব্য করেছেন। ঘটনার তদন্তে প্রাতিষ্ঠানিক ধর্ষণ এবং খুনকে আড়াল করা হয়েছে বলেও তাঁর অভিযোগ।

এদিকে, এই রায় প্রসঙ্গে SUCI কমিউনিষ্টের রাজ্য সম্পাদক চন্ডীদাস ভট্টাচার্য বলেন, কোর্টের রায় বাস্তবে কলকাতা পুলিশের বক্তব্যেই শীলমোহর দিয়েছে।

********************

উত্তর পূর্বাঞ্চলের সঙ্গে দেশের বাকি অংশের যোগসূত্র এবং নিরাপত্তা বাড়াতে রাজ্য সরকার উত্তরবঙ্গে প্রস্তাবিত 'চিকেনস নেক করিডর' বা শিলিগুড়ি করিডোরে অনুমোদন দিয়েছে বলে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে। এই প্রকল্পে তিস্তা নদীর উপরে করোনেশন সেতুর বিকল্প হিসাবে আরও একটি নতুন সেতু নির্মাণের পাশাপাশি জঙ্গলের মধ্যে দিয়ে ১৪ কিলোমিটার দীর্ঘ একটি উড়ালপুল তৈরির পরিকল্পনা করা হয়েছে। ভারত-চীন সীমান্তে সিকিমের নাথুলায় সহজে পৌঁছনোর জন্যে প্রস্তাবিত উড়ালপুলের সমান্তরাল সেবকের সেনা ক্যান্টনমেন্ট পর্যন্ত রাস্তাটি আরও চওড়া করে ১০ ও ১৭ নম্বর জাতীয় সড়কের সঙ্গে যুক্ত করা হবে।

********************

বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পে কেন্দ্র ও রাজ্য সরকারের অংশীদারীত্ব নিয়ে পদ্ধতিগত জটিলতা কাটাতে নতুন ব্যবস্থা চালু করা হচ্ছে। ওইসব প্রকল্পে দ্রুত বরাদ্দের যোগান সুনিশ্চিত করতে SNS-স্পর্শ নামে একটি নতুন ব্যবস্থাপনা তৈরি করা হয়েছে। নতুন

এই ব্যবস্থা চালু হলে কেন্দ্রীয় প্রকল্পে অর্থের যোগানে পদ্ধতিগত জটিলতার অবসান হবে।

এদিকে, আগামী বছরের রাজ্য বাজেটে, চালু কেন্দ্রীয় প্রকল্পগুলিতে কেন্দ্র ও রাজ্যের বরাদ্দের পরিমাণ আর আলাদা করে উল্লেখ করা হবে না বলে জানা গেছে। রাজ্যের অর্থ সচিব প্রভাত কুমার মিশ্র সম্প্রতি এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন ওই সব প্রকল্পে রাজ্য ও কেন্দ্রের বরাদ্দের কথা উল্লেখ করার আর প্রয়োজন নেই।

*******************

সুস্থ ও নীরোগ জীবন লাভের ক্ষেত্রে মানসিক স্বাস্থ্যের গুরুত্বের কথা মাথায় রেখে কলকাতার রাজভবনে মানসিক স্বাস্থ্যের ওপর এক বিশেষ সম্মেলনের আয়োজন করা হয়েছে। আগামীকাল রাজ্যপাল সিভি আনন্দ বোসের পৌরহিত্যে আয়োজিত ওই সমাবেশে মনোজগতের কল্যাণে কাজ করা বিশিষ্টজনেরা উপস্থিত থাকবেন। সেখানে জটিল বিভিন্ন মানসিক সমস্যা এবং তার সমাধান নিয়ে আলোচনা করা হবে বলে রাজভবনের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে।

*******************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আকাশবাণীতে আজ 'মন কি বাত' অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১১৮তম পর্ব।

অনুষ্ঠানটি সকাল ১১ টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সব কটি প্রচার তরঙ্গ, এআইআর নিউজ ওয়েবসাইট এবং নিউজ অন এআইআর মোবাইল অ্যাপে সম্প্রচার করা হবে। এআইআর নিউজ, ডিডি নিউজ, পিএমও এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলগুলিতেও সরাসরি তা শোনা যাবে।

আকাশবাণীতে হিন্দি ভাষায় সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় তা সম্প্রচারিত হবে। রাত আটটায় আঞ্চলিক ভাষার তর্জমা পুনঃ প্রচারিত হবে।

*******************

রাজ্য জয়েন্ট এন্ট্রান্স WBJE-র জন্য রেজিস্ট্রেশন শুরু হচ্ছে আগামী ২২-শে জানুয়ারী। প্রার্থীরা জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের ওয়েবসাইট wbjeeb.nic.in-এ গিয়ে রেজিস্ট্রেশন করতে পারেন।

ইঞ্জিনিয়ারিং-এ প্রবেশিকা পরীক্ষার জন্য আবেদনের শেষ তারিখ ২৩-শে ফেব্রুয়ারী। ১৭-ই এপ্রিল থেকে ডাউনলোড করা যাবে পরীক্ষার অ্যাডমিট কার্ড।

২৭-শে এপ্রিল সকাল ১১-টা থেকে দুপুর ১-টা এবং দুপুর ২-টো থেকে বিকেল চারটে পর্যন্ত দুটি শিফটে পরীক্ষা নেওয়া হবে।

********************

কেন্দ্রীয় সরকার নাট্য দলগুলিকে আর্থিক সাহায্য বন্ধ করে দিলেও রাজ্য সরকার তাদের পাশে দাঁড়িয়েছে এবং আগের থেকে নাট্যদলের সংখ্যা অনেক বেড়েছে বলে দাবি করেছেন রাজ্যের মন্ত্রী ও মিনার্ভা নাট্য ও সংস্কৃতি চর্চা কেন্দ্রের সভাপতি ব্রাত্য বসু। গতকাল বিকেলে মধুসূদন মঞ্চে সপ্তম জাতীয় নাট্য উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, শুধু নাট্যোৎসবের জন্য এবার রাজ্য সরকার ৮০ লক্ষ টাকা খরচ করছে।

( বাইট- ব্রাত্য)

********************

মুর্শিদাবাদ পুরসভার এক অবসরপ্রাপ্ত কর্মীর অবসরকালীন সুবিধার বকেয়া না মেটানোয়, কলকাতা হাইকোর্ট ওই পুরসভার এক্সিকিউটিভ অফিসার ও ফিনান্স অফিসারের বেতন বন্ধের নির্দেশ দিয়েছে। পাশাপাশি চেয়ারম্যান ইন্দ্রজিত ধরের’ও সাম্মানিক বন্ধ করতে বলা হয়েছে। অভিযোগ, সুভাষ ধর নামে ওই ব্যক্তি ২০১৮ সালে অবসর নিলেও, এপর্যন্ত তাঁর গ্রাচুইটি সহ অন্যান্য পাওনা মেটায়নি পুরসভা কর্তৃপক্ষ। বারবার আবেদন করেও কাজ না হওয়ায় কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হন তিনি। আদালত কয়েক দফা নির্দেশ দিলেও, তা’ মেনে চলা হয়নি বলে অভিযোগ ওঠে। বিচারপতি অমৃতা সিন্‌হা গতকাল এই বেতন বন্ধের নির্দেশ দেন। মামলার

পরবর্তী শুনানি ১৩'ই মার্চ। আদালতের নির্দেশের কপি পেলে যথাযথ পদক্ষেপ করা হবে বলে, পুরসভার চেয়ারম্যান জানিয়েছেন।

********************

নতুন করে পশ্চিমী ঝঞ্ঝার প্রভাবে রাজ্যে আগামী সপ্তাহেও শীতের তীব্রতা বৃদ্ধির কোনো সম্ভাবনা নেই বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। আগামী কয়েকদিনে রাতের তাপমাত্রায় খুব একটা পরিবর্তন হবে না। আবহাওয়া শুষ্ক থাকারই সম্ভাবনা।

আজ কলকাতায় দিনের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস- যা স্বাভাবিকের তুলনায় প্রায় এক ডিগ্রি বেশী। সর্ব্বোচ্চ তাপমাত্রা ২৫ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

********************

গোয়ার ফতোরদা স্টেডিয়ামে আজ ISL ফুটবলের ম্যাচে ইস্টবেঙ্গল এফসি গোয়ার বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

দুই দলই ১৫ টি করে ম্যাচ খেলেছে। গোয়া ২৭ পয়েন্ট নিয়ে লিগ তালিকায় চতুর্থ স্থানে, ইস্টবেঙ্গল ১৪ পয়েন্ট নিয়ে একাদশ স্থানে রয়েছে।

*************************************************************